

অন্যান্য বছরের মত এ বছরও - আগামী ১লা মে "মহান মে দিবস" যথাযোগ্য মর্যাদার সাথে পালন করতে হবে। প্রতিটি দপ্তরে সি.আই.টি.ইউ. চেনফ্লাগ দিয়ে সজ্জিত করতে হবে। রক্তপতাকা উত্তোলন, শহীদ বেদীতে মাল্যদানের পর সমবেত কর্মীদের সামনে মহান মে দিবসের তাৎপর্য ব্যাখ্যা করতে হবে। বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে "মে দিবস" গুরুত্ব সহকারে পালন করার জন্য দলমত নির্বিশেষে কর্মীদের কাছে পৌঁছাতে হবে। মে দিবসের দিন বিকালে শহীদ মিনার ময়দানে সি.আই.টি.ইউ. সহ অন্যান্য বামপন্থী ট্রেড ইউনিয়নের ডাকে জনসভায় সদর দপ্তর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, ব্যান্ডেল, নদীয়া (কল্যানী অঞ্চল), কোলাঘাট জেলা/বিভাগ থেকে কর্মী জমায়েত করতে হবে। আমাদের জমায়েতের স্থান : সুবোধ মল্লিক স্কোয়ার, সময় বেলা-৩-৩০মিঃ।

আগামী পঞ্চায়েত নির্বাচনে বামফ্রন্ট প্রার্থীদের জয়ী করার জন্য বিদ্যুৎ কর্মীদের সর্বাঙ্গিক উদ্যোগ গ্রহণ করতে হবে। তৃণমূল কংগ্রেস পরিচালিত রাজ্য সরকার পঞ্চায়েত নির্বাচনে জয়লাভ করার লক্ষ্যে সমস্ত রকমের অগণতান্ত্রিক পথ অবলম্বন করার চেষ্টা করছে। বিদ্যুৎ কর্মীদের মধ্যে সেই সমস্ত বিষয়গুলি প্রচারে নিয়ে যেতে হবে। এছাড়াও জনস্বার্থবাহী শিল্প সংক্রান্ত দাবীসমূহ নিয়ে প্রচার আন্দোলন গড়ে তুলতে হবে যাতে তা সাধারণ মানুষের মধ্যে বামফ্রন্টের অনুকূলে প্রভাব বিস্তার করতে পারে।

(দীপক রায় চৌধুরী)

সাধারণ সম্পাদক

অনুলিপি :

সম্পাদক,.....জেলা/বিভাগীয় কমিটি